

বিস্মিল্লাহির রাহমানির রাহীম

F-240

ব্যক্তিক হিসাব খোলার ফরম (Individual Account Opening Form)

হিসাবের প্রকৃতি (টিক দিন):

- | | |
|---|---|
| ☐ মুদারাবা সঞ্চয়ী হিসাব
Mudaraba Savings Deposit (MSD) | ☐ আল-ওয়াদিয়াহ চলতি হিসাব
Al-Wadiah Current Deposit (AWCD) |
| ☐ মুদারাবা শর্ট নোটিশ হিসাব
Mudaraba Short Notice Deposit (SND) | ☐ আল-ওয়াদিয়াহ মার্চেন্ট অ্যাকাউন্ট
Al-Wadiah Merchant Account |
| ☐ মুদারাবা সঞ্চয়ী হিসাব (স্টাফ)
Mudaraba Savings Deposit (Staff) | ☐ মুদারাবা কৃষক সঞ্চয়ী হিসাব
Mudaraba Farmers Savings Deposit |
| ☐ মুদারাবা স্টুডেন্ট (মাইনর) সেভিংস ডিপোজিট অ্যাকাউন্ট
Mudaraba Student (Minor) Savings Deposit Account | ☐ মুদারাবা গ্রহীণী সঞ্চয়ী হিসাব
Mudaraba Grihini Savings Deposit |
| ☐ মুদারাবা মুক্তিযোদ্ধা সঞ্চয়ী হিসাব
Mudaraba Freedom Fighters Savings Deposit | ☐ মুদারাবা পোশাক শ্রমিক সঞ্চয়ী হিসাব
Mudaraba Garments Workers Savings Deposit |
| ☐ মুদারাবা সিনিয়র সিটিজেন সেভিংস ডিপোজিট
Mudaraba Senior Citizen Savings Deposit | ☐ মুদারাবা পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের সঞ্চয়ী হিসাব
Mudaraba Slum Dwellers Savings Deposit |
| ☐ মুদারাবা বৈদেশিক মুদ্রা হিসাব (MFCD)
Mudaraba Foreign Currency Deposit (MFCD) | ☐ আবাসিক বৈদেশিক মুদ্রা হিসাব
Resident Foreign Currency Deposit (RFCD) |
| ☐ অনাবাসিক বৈদেশিক মুদ্রা হিসাব
Non-Resident Foreign Currency Deposit (NFCD) | ☐ অন্যান্য (Others) |

Account Title :	
Account No. :	
Unique Customer ID Code :	
Name of the Branch :	



আল-আরাফাহ
ইসলামী ব্যাংক লিঃ



ব্যক্তিক হিসাব খোলার ক্ষেত্রে সাধারণ নির্দেশনা ও প্রয়োজনীয় কাগজপত্র

১. ব্যক্তি' বলতে প্রাকৃতিক ব্যক্তি বুঝাবে।
২. গ্রাহক ব্যাংক নির্ধারিত হিসাব খোলার ফরমের প্রতিটি অংশ যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে জমা দিবেন। কোন অংশের তথ্য না থাকলে বা প্রযোজ্য না হলে তা উল্লেখ করতে হবে। যে ধরনের হিসাব খোলার জন্য গ্রাহক ফরমে টিক মার্ক করবেন, শুধুমাত্র সে হিসাবের জন্য নির্দিষ্ট শর্তাবলী প্রযোজ্য হবে।
৩. আবেদনকারী পর্দানশীল শিক্ষিত মহিলা হলে হিসাব খোলার সময় ছবি যাচাইয়ের জন্য চেহারা উন্মুক্ত করতে হয় এবং নিরক্ষর মহিলার ক্ষেত্রে চেহারা উন্মুক্ত ছবি প্রদান করতে হয় এবং প্রত্যেক লেনদেনের সময় চেহারা উন্মুক্ত রাখতে হয়।
৪. নাবালক হিসাবের ক্ষেত্রে জন্ম সনদপত্রের অনুলিপি এবং অভিভাবক কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আবেদনপত্র হিসাব পরিচালনাকারী অভিভাবক কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। এছাড়া অভিভাবকের ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি পৃথকভাবে ফরমের সাথে যুক্ত করতে হবে।

নিবাসী গ্রাহকদের জন্য

১. জাতীয় পরিচয়পত্র/বৈধ পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/অথবা অন্যান্য ছবি সম্মিলিত পরিচয়পত্রের অনুলিপি।
২. প্রত্যেক আবেদনকারীর স্ব-সত্যায়িত (Self-Attested) সম্প্রতি তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
৩. প্রত্যেক নমিনীর পরিচয়পত্রের অনুলিপি এবং ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (আবেদনকারী কর্তৃক সত্যায়িত)।
৪. বর্তমান ঠিকানার স্বপক্ষে সাম্প্রতিক ইউটিলিটি বিল (গ্যাস, বিদ্যুৎ, ওয়াসা, টেলিফোন) এর অনুলিপি।
৫. হিসাবধারী(গণ)-এর আয়ের স্বপক্ষে নিম্নোক্ত দলিলসমূহের মধ্যে কমপক্ষে একটির অনুলিপি:
 - ক. চাকুরিজীবী হলে- Salary Certificate/Pay Slip/Job ID ইত্যাদি।
 - খ. বাড়ি/ফ্ল্যাটের মালিক হলে- মালিকানার কাগজপত্র/ ভাড়ার চুক্তি/ভাড়া রশিদ ইত্যাদি।
 - গ. Self-Employed (Doctor/Engineer etc.) হলে- Professional Certificate/Self-Declaration ইত্যাদি।
 - ঘ. প্রযোজ্য ক্ষেত্রে স্বামী/স্ত্রীর আয়ের স্বপক্ষে কাগজপত্র সংযুক্ত করতে হবে।
৬. ই-টি.আই.এন (E-TIN) / হালনাগাদ টি.আই.এন সার্টিফিকেটের অনুলিপি (যদি থাকে)।

For Non-Resident Customers

1. Account Opening Form to be duly filled in and signed by all applicants.
2. Original Passport to be produced for verification and its photocopy along with valid VISA/Work permit to be submitted (in case of foreign passport holder needs to provide the copy of "No visa required for Bangladesh" page).
3. Two copies of passport size photographs of applicant(s) (attested by introducer).
4. Nominee(s)' copy of NID/valid Passport/any other photo paste ID card and 1 (one) copy photo to be attested by applicant(s).
5. Proof of employment/income (Copy of Employment certificate/Employment Contract mentioning annual income/Visa for appointment/Pay slip/Bank statement mentioning monthly salary/latest tax return).
6. Any document sent from abroad by customer must be verified and attested by any reputed International Bank/Notary Public/Bangladesh High Commission or Consulate General's Office/Bangladesh Mission in abroad. Please also note that signature in the form will be same as signature appears in the passport.
7. If the documents are in other language (other than Bengali & English), it has to be translated into Bengali or English with Notarization.

দ্রষ্টব্য (Notes):

১. উপরোল্লিখিত কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। যাচাইয়ের জন্য প্রয়োজনে মূল কপি উপস্থাপন করতে হবে (Original copy of above mentioned documents to be presented for verification)।
২. যে কোন ঘষামাজা/কাটাকাটি আবেদনকারী (গণ)-এর পূর্ণ স্বাক্ষর দিয়ে প্রত্যয়ন করতে হবে (Confirmation of any overwriting by full signature)।

তারিখ :

“এই হিসাব গ্রাহক ও ব্যাংকের মধ্যে ইসলামী শরীয়াহ সম্মত মুদারাবা/আল-ওয়াদীয়াহ নীতির ভিত্তিতে পরিচালিত”

ব্যবস্থাপক

হিসাব নম্বর :

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড

ইউনিক গ্রাহক আইডি কোড :

শাখা/উপশাখা

(ব্যাংকের ব্যবহারের জন্য)

মুহতারাম,

আসসালামু আলাইকুম।

আমি/আমরা আপনার শাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের হিসাব সংক্রান্ত ও ব্যক্তিগত বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছি :

প্রথম অংশ: হিসাব সংক্রান্ত তথ্যাদি

- হিসাবের শিরোনাম (বাংলায়) :
In English (Block Letter) :
- হিসাবের প্রকৃতি [টিক দিন (✓)] :
☐ মুদারাবা সঞ্চয়ী হিসাব (MSD) ☐ মুদারাবা শর্ট নোটিশ হিসাব (SND) ☐ মুদারাবা বৈদেশিক মুদ্রা হিসাব (MFCD) ☐ অন্যান্য
☐ আল-ওয়াদীয়াহ চলতি হিসাব (AWCD) ☐ অনাবাসিক বৈদেশিক মুদ্রা হিসাব (NFCD) ☐ আবাসিক বৈদেশিক মুদ্রা হিসাব (RFCD)
- মুদ্রা (টিক দিন) : ☐ টাকা ☐ ইউএস ডলার ☐ ইউরো ☐ পাউন্ড ☐ অন্যান্য
- হিসাব পরিচালনা পদ্ধতি [টিক দিন (✓)] : ☐ একক ভাবে ☐ যৌথভাবে ☐ যে কোন একজন ☐ যে কোন একজন অথবা জীবিতজন ☐ অন্যান্য
- প্রাথমিক জমার পরিমাণ (অংকে) : (কথায়) :
- আধুনিক ব্যাংকিং সুবিধা [টিক দিন (✓)] : ☐ Online Service ☐ ATM Service ☐ i-Banking ☐ SMS Service ☐ Islamic Wallet ☐ Others

দ্বিতীয় অংশ : ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি^১

হিসাব নম্বর :

(ব্যাংকের ব্যবহারের জন্য)

- হিসাবধারীর নাম (বাংলায়) :
In English (Block Letter) :
- জন্ম তারিখ :
- পিতার নাম :
- মাতার নাম :
- স্বামী/স্ত্রীর নাম :
- জাতীয়তা : ৭। লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ তৃতীয় লিঙ্গ
(হিসাবধারী বিদেশী নাগরিক হলে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে)
- রেসিডেন্ট স্ট্যাটাস [টিক দিন (✓)] : ☐ রেসিডেন্ট ☐ নন-রেসিডেন্ট
(প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক কর্তৃক গাইডলাইনস্ ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্ এর নির্দেশনা অনুসরণ করতে হবে)
- পেশা (বিস্তারিত) :
- মাসিক আয় :
- অর্থের উৎস (বিস্তারিত) :
- ট্যাক্স আইডি (TIN/e-TIN) (যদি থাকে) :
- (ক) বর্তমান ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা :
জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :
- (খ) স্থায়ী ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা :
জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :
- পরিচিতি পত্র : ক) জাতীয় পরিচয়পত্র নম্বর :
অথবা, খ) পাসপোর্ট নম্বর/ জন্ম নিবন্ধন নম্বর/ অন্যান্য^২ (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) :
গ) পরিচয়দানকারীর তথ্য (জাতীয় পরিচয়পত্র ব্যতীত অন্যান্য পরিচিতিপত্র প্রদানের ক্ষেত্রে) :
নাম : হিসাব/জাতীয় পরিচয়পত্র নম্বর :
জন্ম তারিখ : স্বাক্ষর (তারিখ সহ) :

হিসাবধারীর সম্পত্তি
তোলা পাসপোর্ট
সাইজের রঙ্গিন ছবি।

তৃতীয় অংশ : নমিনি সংক্রান্ত তথ্যাদি*

হিসাব নম্বর :

১. নমিনি সংক্রান্ত তথ্যাবলী :

(ব্যাংকের ব্যবহারের জন্য)

আমি/আমরা এ হিসাবের অর্থ আমার/আমাদের মৃত্যুর পর নিম্নে বর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণকে প্রদানের জন্য মনোনীত করলাম। আমি/আমরা উল্লিখিত মনোনয়ন যে কোন সময় বাতিল বা পরিবর্তনের অধিকার সংরক্ষণ করি। আমি/আমরা এই মর্মে আরো সম্মতি জ্ঞাপন করছি যে, আমার/আমাদের এ নির্দেশনা মোতাবেক ব্যাংক অর্থ প্রদান করবে এবং অর্থ পরিশোধ করা হলে সংশ্লিষ্ট আমানত সম্পর্কিত যাবতীয় দায় পরিশোধ হয়েছে বলে গণ্য হবে।

ক) নমিনির নাম : জন্ম তারিখ :

খ) ঠিকানা : বর্তমান ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা :

জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :

স্থায়ী ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা :

জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :

হিসাবধারী কর্তৃক
সত্যায়িত
নমিনির ছবি

গ) শতকরা হার : ঘ) হিসাবধারীর সাথে সম্পর্ক :

ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বর/ পাসপোর্ট নম্বর /জন্ম নিবন্ধন নম্বর/অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) :

২. নমিনি নাবালক হলে তার/তাদের নাবালক থাকা অবস্থায় হিসাবধারী/হিসাবধারীগণের মৃত্যুর ক্ষেত্রে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১০৩(২) ধারা অনুযায়ী নমিনির পক্ষে আমানতের অর্থ গ্রহণকারীর তথ্য

ক) নাম :

খ) স্থায়ী ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা :

জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :

গ) জাতীয় পরিচয়পত্র নম্বর/পাসপোর্ট নম্বর/জন্ম নিবন্ধন নম্বর/অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) :

ঘ) নমিনির সাথে সম্পর্ক :

ঘোষণা ও স্বাক্ষর

☐ আমি / আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উল্লিখিত তথ্যাদি সত্য। আমি / আমরা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহ করব।

☐ গ্রাহক FATCA পরিপালনের জন্য যোগ্য কি না [টিক দিন] ☐ হ্যাঁ ☐ না।

উত্তর হ্যাঁ হলে FATCA পরিপালন অবশ্যই নিশ্চিত করতে হবে। গ্রাহক/হিসাব পরিচালনাকারীর Proof of Address এর স্বপক্ষে ডকুমেন্টস সংগ্রহ করতে হবে।

☐ বিশেষ নির্দেশনা (Special Instruction) :

আবেদনকারী(গণ) এর নাম	স্বাক্ষর
১.	
২.	
৩.	
৪.	

হিসাবধারীর
ছবি

তারিখ :

ব্যাংকের ব্যবহারের জন্য

মন্তব্য :

হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার
নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ

পর্যালোচনাকারী কর্মকর্তার (২য় কর্মকর্তা/ জিবি
ইনচার্জ) নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ

অনুমোদনকারী কর্মকর্তার (ব্যবস্থাপক)
নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ

৩. নমিনি একাধিক হলে প্রত্যেকের নমিনি সংক্রান্ত তথ্যাদি পৃথকভাবে তৃতীয় অংশে বা তৃতীয় অংশের সংলগ্নী হিসেবে যুক্ত করতে হবে।

৪. হিসাবধারী নাবালক হলে আবেদনকারীর স্বাক্ষরের স্থলে হিসাবধারীর অভিভাবক স্বাক্ষর করবেন।

মোট.....পৃষ্ঠার মধ্যে.....নং পৃষ্ঠা

সাধারণ শর্তাবলী/নিয়মাবলী

- মুদারাবা হিসাব হচ্ছে হিসাবধারী গ্রাহক এবং আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড এর মধ্যে সম্পাদিত ইসলামী শরীয়াহ ভিত্তিক একটি মুদারাবা চুক্তি। ইসলামী শরীয়াহ নীতিমালার ভিত্তিতে মুদারাবা পদ্ধতিতে আমানত গ্রহণ করে মুদারাবা তহবিল গঠন করা হয়। এখানে অর্থ জমাকারী হচ্ছে 'সাহিবুলমাল' বা 'অর্থের মালিক' আর ব্যাংক হচ্ছে 'মুদারিব' বা 'ব্যবসা পরিচালনাকারী'। মুদারাবা তহবিল শরীয়াহ নীতিমালা অনুযায়ী বিনিয়োগ করে প্রাপ্ত আয়ের শতকরা ৭০ ভাগ (অথবা ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত শতকরা ভাগ) জমাকারীদের মধ্যে পূর্বনির্ধারিত ওয়েটেজ অনুযায়ী বন্টন করা হয়। বিনিয়োগে লোকসান হলে মুদারাবা হিসাবধারীগণ তা বহন করবেন। এছাড়াও ইসলামী শরীয়াহ বর্ণিত মুদারাবা কারবারের অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।
- আল-ওয়াদীয়াহ চলতি হিসাব হচ্ছে হিসাবধারী গ্রাহক এবং আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড এর মধ্যে ইসলামী শরীয়াহ মোতাবেক সম্পাদিত একটি আল-ওয়াদীয়াহ চুক্তি। গ্রাহক কর্তৃক এ হিসাবে জমাকৃত অর্থ ব্যাংক যথাযথ হেফাজত করবে এবং গ্রাহক কর্তৃক চাহিবামাত্র এ অর্থের আংশিক/সম্পূর্ণ (গ্রাহকের প্রয়োজনানুসারে) ফেরত প্রদানে ব্যাংক বাধ্য থাকবে। এ হিসাবে জমাকৃত অর্থ আল-ওয়াদীয়াহ চুক্তি নীতিমালার ভিত্তিতে অন্যান্য জমার (Deposit) সাথে একত্রিত করে ব্যাংক শরীয়াহ সম্মতভাবে বিনিয়োগ করতে পারবে। তবে অর্জিত মুনাফা বা লোকসানে গ্রাহক অংশীদার হবে না।
- শুধুমাত্র সুস্থ মস্তিষ্ক সম্পন্ন ও প্রাপ্ত বয়স্ক (চুক্তি করতে সক্ষম) যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ একক বা যৌথনামে ব্যক্তিগত হিসাব খোলার ফরমে হিসাব খুলতে পারেন। অপ্রাপ্ত বয়স্কদের নামেও হিসাব খোলা যাবে। সে ক্ষেত্রে অপ্রাপ্তবয়স্কদের আইনগত অভিভাবক হিসাবটি পরিচালনা করবেন।
- সাহিবুল মালের মৃত্যু হলে মুদারাবা চুক্তি বাতিল হয়ে যায়। ফলে আমানতকারীর মৃত্যুর সংবাদ ব্যাংক পাওয়ার সাথে সাথেই সংশ্লিষ্ট হিসাবের লেনদেন বন্ধ থাকে; তবে জমাকৃত টাকার উপর সংশ্লিষ্ট হিসাবে মুনাফা প্রদান করা হয়। মৃত ব্যক্তির জমাকৃত অর্থ তার নমিনীকে ব্যাংকের সার্কুলার ও দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যাংকের কাছে গ্রহণযোগ্য প্রমাণ ও দলিলাদির ভিত্তিতে প্রদান করা হয়।
- যাণাসিক ভিত্তিতে বৎসরে দুই বার কোন চার্জ ছাড়া স্থিতি নিশ্চিতকরণ সনদ (Balance Confirmation Certificate) হিসাবধারীকে প্রদান করা হয়। ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লিখিত কোন অভিযোগ না পেলে হিসাবের স্থিতি সঠিক আছে বলে ধরে নেয়া হয়। বৎসরে দুই বারের বেশী সনদ গ্রহণ করতে হলে চার্জ প্রদেয় হয়।
- ব্যাংক কর্তৃক যাণাসিক ভিত্তিতে হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) হিসাব থেকে বিকলন করা হয়।
- আমানতকারীর ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ইত্যাদির পরিবর্তন হলে তা অবিলম্বে ব্যাংককে লিখিতভাবে জানাতে হবে।
- হিসাব ধারককে/হিসাব পরিচালনাকারীকে (Account Holder/operator) ব্যাংকের সরবরাহকৃত নমুনা স্বাক্ষর অনুযায়ী চেকে সহি করতে হয় এবং নমুনা স্বাক্ষর পরিবর্তন করলে তদানুযায়ী পূর্বাধিকার ব্যাংককে জানাতে হয়। ব্যাংকের সাথে যে কোন প্রকার লিখিত যোগাযোগের ক্ষেত্রে নমুনা স্বাক্ষর ব্যবহার করতে হয়।
- ব্যাংক কর্তৃক ইস্যুকৃত Cheque/ATM Card/i-Banking/Islamic wallet এর মাধ্যমে টাকা তোলা/স্থানান্তর করা যায়। তাছাড়া i-Banking/SMS/Islamic wallet এর মাধ্যমে হিসাব সংক্রান্ত বিভিন্ন তথ্য জানা যায়। এক্ষেত্রে ব্যাংকের প্রচলিত তালিকা অনুযায়ী চার্জ প্রদেয় হবে।
- হিসাবধারীর প্রথম চেক বইয়ের জন্য 'চেক বই ইস্যুর চাহিদাপত্র' (এফ-৬) ফরম পূরণ করতে হয়। পরবর্তী সময়ে চেক বইয়ে সরবরাহকৃত রিকুইজিশন স্লিপ এর মাধ্যমে নতুন চেক বইয়ের জন্য আবেদন করতে হয়। চেক বই গ্রহণের সময় চেক বইয়ের পাতা গুণে নিতে হয় এবং চেক বই নিরাপদ স্থানে (নিজস্ব হেফাজতে) সংরক্ষণ করতে হয় যেন কোন চেক চুরি/খোয়া বা অপব্যবহার না হয়। চুরি বা খোয়া যাওয়া কোন চেকের মাধ্যমে জালিয়াতি সংঘটিত হলে সেক্ষেত্রে ব্যাংক দায়ী থাকবে না।
- ব্যাংক প্রদত্ত চেকবই হারিয়ে গেলে বিষয়টি তৎক্ষণাত নিম্নলিখিত স্থানায় সাধারণ ডায়েরীভুক্ত করে উহার সত্যায়িত কপি সহ হিসাবধারী ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট শাখায় উপস্থিত হয়ে একটি নতুন চেক বই ইস্যু করার জন্য লিখিত অনুরোধপত্র দাখিল করবেন। কোন অবস্থাতেই হারানো চেক বই-এর পরিবর্তে নতুন চেক বই গ্রাহক ছাড়া তৃতীয় ব্যক্তির নিকট (হিসাবধারী কর্তৃক লিখিত ক্ষমতাপ্রাপ্ত হলেও) হস্তান্তর করা হবে না।
- হিসাবধারক অব্যবহৃত চেক বই ফেরত দিয়ে যথাযথ স্বাক্ষরপূর্বক আবেদন করে যে কোন হিসাব বন্ধ করতে পারবে। হিসাব বন্ধ করার সময় ব্যাংকের নির্ধারিত ফি (Closing Charge) আদায় করা হয়। আমানতের উপর সরকারী আইনানুযায়ী আবগারীশুল্ক, ভ্যাট, ইত্যাদি আমানতকারীর হিসাব থেকে প্রদান করা হয়।
- গ্রাহকের হিসাব ব্যাংক সতর্কতার সাথে আকলন/বিকলন (Debit/Credit) করে। ভুলবশতঃ কোন অর্থ আকলিত / বিকলিত হলে ব্যাংক তা সংশোধন করার অধিকার সংরক্ষণ করে। ব্যাংক কোনরূপ নোটিশ/কারণ দর্শনো ব্যতীত যে কোন সময় যে কোন হিসাব বন্ধ করার অধিকার সংরক্ষণ করে।
- হিসাবধারীর নিকট ব্যাংকের কোন পাওনা থাকলে ব্যাংক হিসাবে রক্ষিত জমা (Credit) স্থিতির উপর সাধারণ পূর্বশর্ত (General Lien/Banker's Lien) অথবা অন্য কোন ন্যায় সঙ্গত অধিকার প্রয়োগ করার এবং তা প্রয়োগের মাধ্যমে ব্যাংকের পাওনা পরিশোধের অধিকার সংরক্ষণ করে।
- হিসাব নম্বর ও হিসাবের শিরোনাম উল্লেখ করে জমাকারীকে যথাযথ জমার রশিদ পূরণ করে নগদ টাকা/ চেক ইত্যাদি জমা দিয়ে শুধুমাত্র ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক অফিসারের স্বাক্ষর সম্বলিত সন্তোষজনক রসিদ নিতে হয়। সংগ্রহের জন্য জমাকৃত চেক ফেরত হলে ব্যাংক কর্তৃক খরচের নির্ধারিত ফি আদায় করা হয়।
- চেক পরিশোধ বন্ধ (Stop Payment) রাখার নির্দেশ বা আইনগত বাধা থাকলে ব্যাংক সতর্কতার সঙ্গে তা নথিভুক্ত করে। ব্যাংক পজিটিভ পেমেণ্ট (Positive Payment) এর বিষয়ে সর্বদা সতর্ক থাকবেন এবং চেক জালিয়াতি রোধে যাবতীয় পদক্ষেপ গ্রহণ করবেন। তবে গ্রাহকগণও পজিটিভ পেমেণ্ট গ্রহণে সর্বদা সচেতন থাকবেন এবং ফ্রড চেক কালেকশনে বিরত থাকবেন।
- আল-ওয়াদীয়া চলতি ও মার্চেন্ট এবং এসএনডি হিসাবে এক বছর পর্যন্ত লেনদেন না হলে এবং অন্যান্য মুদারাবা হিসাবে দুই বছর পর্যন্ত লেনদেন না হলে হিসাবটি সুপ্ত (Dormant) হিসাবে গণ্য হবে। সে ক্ষেত্রে হিসাবটি চালু করতে হলে গ্রাহকের লিখিত অনুরোধক্রমে নির্দিষ্ট ফি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে চালু করতে হয়।
- আল-ওয়াদীয়া চলতি ও মার্চেন্ট হিসাব ব্যতীত অন্যান্য হিসাবের ক্ষেত্রে বার্ষিক লাভ লোকসান হিসাব চূড়ান্ত হওয়ার পূর্বে যে কোন হিসাব বন্ধ করলে বিগত বছরের সাময়িক হারে মুনাফা (Provisional Profit) প্রদান করা হয়, পরবর্তীকালে মুনাফার চূড়ান্ত হার ঘোষণার পরে ঘোষিত চূড়ান্ত হার সাময়িক হারের চেয়ে বেশী হলে তা হিসাবধারকের সঞ্চয়ী হিসাবে/ পে-অর্ডারের মাধ্যমে প্রদান করা হয়। ঘোষিত চূড়ান্ত হার সাময়িক হারের চেয়ে কম হলে ব্যাংকের পক্ষ থেকে কোন দাবী থাকবে না।
- মানি লন্ডারিং প্রতিরোধ আইনের আলোকে বাংলাদেশ ব্যাংকের নিয়মানুযায়ী ব্যাংক প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার অধিকার সংরক্ষণ করে।
- আদালত, সরকার, কেন্দ্রীয় ব্যাংক বা অন্য কোন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আদিত হলে ব্যাংক গ্রাহকের হিসাব সংক্রান্ত যাবতীয় তথ্যাদি গ্রাহকের অনুমতি ব্যতীত যথাযথ কর্তৃপক্ষকে প্রদান করতে পারবে।
- যে সব হিসাবে আদালতের ক্রোকেডেশ (Attachment order) রয়েছে অথবা হিসাব পরিচালনার ক্ষেত্রে যথাযথ আদালত এবং অন্য কোন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা রয়েছে, সে সমস্ত হিসাব পৃথকভাবে চিহ্নিত থাকবে (Be ruled off) এবং উল্লেখিত নিষেধাজ্ঞা প্রত্যাহার না হওয়া পর্যন্ত হিসাব পরিচালনা বন্ধ থাকবে।
- ১৯৯১ সালের ব্যাংক কোম্পানী আইন অনুযায়ী ১০ (দশ) বছর ও তদুর্ধ্ব মেয়াদ পর্যন্ত অথবা সময়ে সময়ে পরিবর্তিত আইন অনুযায়ী কোন হিসাবে লেনদেন না হলে সংশ্লিষ্ট হিসাবটি অদাবীকৃত হিসাবে গণ্য করে উক্ত হিসাবের স্থিতি বাংলাদেশ ব্যাংকে স্থানান্তর করা হয়।
- উপরোক্ত নিয়মাবলী ছাড়াও হিসাব সংক্রান্ত যে কোন বিরোধ/ জটিলতার উদ্ভব হলে দেশের প্রচলিত আইন ও বিধি বিধান অনুসারে নিষ্পত্তি হবে।
- ব্যাংক সুনির্দিষ্ট প্রয়োজনানুসারে হিসাব সংক্রান্ত কোন নিয়মাবলীর পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিল এবং নতুন কোন নিয়ম/নিয়মাবলী অন্তর্ভুক্ত করতে পারবে যা হিসাবধারী মেনে চলতে বাধ্য থাকবেন।

বিশেষ শর্তাবলী/নিয়মাবলী

১. মুদারাবা সঞ্চয়ী হিসাব (MSD)

- প্রাথমিকভাবে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে এই হিসাব খোলা হয়।
- ব্যাংকের লেনদেন চলাকালীন সর্বাধিক সপ্তাহে দু'বার, মাসে চারবার এবং প্রতিবার জমা স্থিতির ১/৪ অংশ অথবা ৫০,০০০/=টাকার মধ্যে যা কম সে পরিমাণ বিনা নোটিশে উঠানো যায়। উল্লেখিত পরিমাণের চেয়ে বেশী টাকা উঠাতে হলে সাত দিন পূর্বে নোটিশ দিতে হয়। নোটিশ দিয়ে টাকা উঠালে জমা স্থিতি মুনাফা লাভের জন্য বিবেচিত হয়। অন্যথায় সংশ্লিষ্ট মাসের জন্য উক্ত হিসাবের উপর লাভ প্রদান করা হয় না।
- দুই বছর পর্যন্ত লেনদেন না হলে হিসাবটি ডরমেন্ট হিসাবে গণ্য হবে। সে ক্ষেত্রে হিসাবটি পুনরায় চালু করতে হলে গ্রাহককে আবেদন করতে হয়।

২. আল-ওয়াদিয়াহ চলতি হিসাব (AWCD)

- প্রাথমিকভাবে ন্যূনতম টাকা ২,০০০/- (দুই হাজার) টাকা জমা করে এই হিসাব খুলতে হয়। ন্যূনতম সরকারী শুল্কের সমপরিমাণ টাকার স্থিতি সংরক্ষণ করতে হয়, অন্যথায় ব্যাংক গ্রাহক প্রদত্ত চেক ফেরত দেয়ার অধিকার সংরক্ষণ করে।
- ব্যাংকের লেনদেন চলাকালীন একাধিকবার অর্থ জমাকরণ ও টাকা উঠানো যায়। এ ক্ষেত্রে নেগোশিয়েবল ইন্সট্রুমেন্ট এ্যান্ট-এর সকল ধারা প্রযোজ্য হবে।
- এক বছর পর্যন্ত লেনদেন না হলে হিসাবটি ডরমেন্ট হিসাবে গণ্য হবে। ডরমেন্ট হিসাবটি পুনরায় চালু করতে হলে গ্রাহককে আবেদন করতে হয়।

৩. মুদারাবা শর্ট নোটিশ হিসাব (SND)

- প্রাথমিকভাবে সর্বনিম্ন টাকা ৫,০০০/- বা তার অধিক অংকের অর্থ জমা করে এই হিসাব খোলা যায়। ব্যাংক কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন স্থিতি টাকা ৫,০০০/- এর নিচে নেমে গেলে কোন মুনাফা প্রদান করা হয় না। অধিকন্তু, প্রযোজ্য হারে ন্যূনতম স্থিতিসহ সরকারী শুল্কের সমপরিমাণ টাকার স্থিতি সংরক্ষণ করতে হয়, অন্যথায় ব্যাংক যে কোন চেক ফেরত দেয়ার অধিকার সংরক্ষণ করে।
- ব্যাংকের লেনদেন চলাকালীন অর্থ জমা করা যায়। জমাকৃত অর্থের উপর দৈনিক স্থিতির ভিত্তিতে মুনাফা প্রদান করা হয়।
- এ হিসাব হতে অর্থ উত্তোলন করতে হলে ন্যূনতম ০৭ (সাত) দিনের নোটিশ প্রদান করতে হবে। ন্যূনতম ০৭ (সাত) দিনের পূর্ব নোটিশ (Prior Notice) ব্যতিরেকে এ হিসাব হতে টাকা উত্তোলন করা হলে গ্রাহক উক্ত হিসাবে ঐ মাসের জন্য কোন মুনাফা প্রাপ্য হবেন না। প্রতিটি উত্তোলনের জন্যই পৃথকভাবে নোটিশ প্রদান করতে হবে এবং পূর্ব তারিখযুক্ত (back dated) কোন নোটিশ গ্রহণ করা হয় না।
- এক বছর পর্যন্ত লেনদেন না হলে হিসাবটি ডরমেন্ট হিসাবে গণ্য হবে। সে ক্ষেত্রে হিসাবটি পুনরায় চালু করতে হলে গ্রাহককে আবেদন করতে হয়।

৪. আল-ওয়াদিয়াহ (চলতি) মার্চেন্ট হিসাব

- প্রাথমিকভাবে ন্যূনতম ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা জমা দিয়ে এই হিসাব খুলতে হয়। এ হিসাবে ন্যূনতম স্থিতি হবে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা।
- শুধুমাত্র গুরুত্বপূর্ণ ব্যবসায়িক ব্যক্তি বা ব্যক্তিবর্গ এ হিসাব খুলতে পারবেন।
- ব্যাংকের লেনদেন চলাকালীন সময়ে একাধিকবার অর্থ জমাকরণ বা উঠানো যায়। এ ক্ষেত্রে নেগোশিয়েবল ইন্সট্রুমেন্ট এ্যান্ট-এর সকল ধারা প্রযোজ্য হবে।
- হিসাবের বিপরীতে সরকারী শুল্ক কর্তৃত্ব হওয়ার পর ন্যূনতম স্থিতি কমে গেলে আল-ওয়াদিয়াহ চলতি হিসাব নিয়মাবলী কার্যকরী হবে।
- এ হিসাব হতে মেইনটেন্যান্স ফি/সার্ভিস চার্জ গ্রহণ করা হবে না, তবে স্থিতি নির্ধারিত পরিমানের নীচে নেমে গেলে স্বাভাবিক নিয়মে ষাণ্মাসিক ভিত্তিতে বছরে দুবার হিসাব থেকে সার্ভিস চার্জ বিকলন করা হবে।

৫. মুদারাবা স্টুডেন্ট (মাইনর) সঞ্চয়ী হিসাব:

- ১৮ বছরের কম বয়সী যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীর নামে এ হিসাব খোলা যাবে। হিসাবধারী (মাইনর) এবং অভিভাবক (হিসাব পরিচালনাকারী) কে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- মুদারাবা সঞ্চয়ী হিসাবধারী কর্তৃক হিসাবধারী (মাইনর) এবং অভিভাবককে পরিচিতি প্রদান করতে হবে। প্রাথমিকভাবে সর্বনিম্ন টাকা ১০০/- বা তার অধিক অংকের অর্থ জমা করে এ হিসাব খোলা যায়।
- হিসাব পরিচালনার ক্ষেত্রে সরকারী নিয়ম অনুযায়ী উৎস ও কর ছাড়া অন্য কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি আদায় করা হয় না।
- এ হিসাব হতে প্রতি সপ্তাহে সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা উত্তোলন করা যাবে। তবে, অভিভাবকের অনুরোধের প্রেক্ষিতে এ সীমা সর্বোচ্চ ৫,০০০/- টাকায় বর্ধিত করা যেতে পারে। অভিভাবকের চাহিদা মোতাবেক মোবাইলে জমা ও উত্তোলনের SMS Alert এর ব্যবস্থা থাকবে। লেনদেন হওয়া মাত্রই অভিভাবকের মোবাইল নম্বরে লেনদেনের বিস্তারিত তথ্য এসএমএস আকারে প্রেরণ করা হবে।
- দৈনিক স্থিতির ভিত্তিতে এ হিসাবে মুনাফা প্রদান করা হয়।
- হিসাবধারী সাবালক না হওয়া পর্যন্ত কিংবা অভিভাবক কর্তৃক পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত হিসাবটি অভিভাবক এর স্বাক্ষরে পরিচালিত হবে। হিসাবধারীর বয়স ১৮ বৎসর পূর্ণ হওয়ার সাথে সাথে অভিভাবক এর হিসাব পরিচালনার ক্ষমতা রহিত হয়ে যাবে এবং হিসাবধারীর সম্মতির প্রেক্ষিতে হিসাবটি মুদারাবা সঞ্চয়ী হিসাবে পরিণত হবে। ছাত্র/ছাত্রী নিজেরা হিসাব পরিচালনা করতে পারবেন।
- মাসে একবার শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ব্যাংকের প্রতিনিধি কর্তৃক জমা সংগ্রহ এবং হিসাব খোলা হবে। তবে ছাত্র/ছাত্রীদের অভিভাবকগণ ব্যাংকের যে কোন শাখায় এসে যাবতীয় নিয়মাবলী পরিপালন সাপেক্ষে হিসাব খোলা বা সংশ্লিষ্ট হিসাবে অর্থ জমা বা হিসাব হতে অর্থ উত্তোলন করতে পারবেন।

৬. মুদারাবা সিনিয়র সিটিজেন সেভিংস ডিপোজিট:

- শুধুমাত্র ৬০ বৎসর এবং তদুর্ধ্ব ব্যক্তি বা ব্যক্তিবর্গ এ হিসাব খুলতে পারবেন।
- প্রাথমিক জমার পরিমাণ ৫০০/- টাকা যা ন্যূনতম স্থিতি হিসাবে থাকবে। ব্যাংক কর্তৃক নির্ধারিত পরিমানের নীচে স্থিতি নেমে গেলে কোন মুনাফা প্রদান করা হয় না।
- দৈনিক স্থিতির উপর মুনাফা প্রদান করা হয়।

৭. মুদারাবা গৃহীণী সঞ্চয়ী হিসাব:

- ১৮ (আঠারো) বছর বা তদুর্ধ্ব বাংলাদেশী গৃহীণী নাগরিক এর নামে এ হিসাব খোলা হয়।
- বিদ্যমান মুদারাবা সেভিংস ডিপোজিট হিসাব থেকে ০.১২৫ বেসী ওয়েটেজ ধরে এ হিসাবে মুনাফা প্রদান করা হয়।

৮. মুদারাবা কৃষক সঞ্চয়ী হিসাব:

- জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন কার্ড/পাসপোর্ট/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত কৃষি উপকরণ সহায়তা কার্ড এর সত্যায়িত ফটোকপি জমা দিয়ে হিসাব খোলা যায়। কৃষক হিসাব খোলা/ পরিচালনার ব্যাপারে অনভিজ্ঞ হলে শাখা কর্তৃপক্ষ কর্তৃক তাদেরকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করা হবে।
- যে কোন বাংলাদেশী কৃষকের নামে সংশ্লিষ্ট নিয়মাবলী পরিপালন সাপেক্ষে এ হিসাব খোলা যাবে। তবে শাখা ব্যবস্থাপক কর্তৃক সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা এবং প্রয়োজনীয় খোঁজ খবর গ্রহণপূর্বক আবেদনকারী (কৃষক) সম্পর্কে নিশ্চিত হওয়ার পর তাদেরকে এই সুবিধার আওতাভুক্ত করা যাবে। হিসাব খোলার পর হিসাবধারী যথারীতি জমা এবং উত্তোলনের মাধ্যমে এ হিসাব পরিচালনা করবেন।
- এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি এবং ভাউচার বই বা পরিচয়পত্র (ID Card) প্রদানের বিপরীতে কোন চার্জ আদায় করা হয় না।
- শুধুমাত্র ১০ (দশ) টাকা জমা দিয়ে এ হিসাব খোলা যায়। তবে কৃষকদের উদ্বুদ্ধকরণসহ হিসাব খোলার কার্যক্রম সহজীকরণের জন্য কোন টাকা জমা ছাড়াই এ হিসাব খোলা যাবে। এ হিসাবে মুনাফা প্রদানের জন্য ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই। দৈনিক স্থিতির ভিত্তিতে এ হিসাবে মুনাফা প্রদান করা হয়।
- হিসাবধারককে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নাম ও ছবি সম্বলিত পরিচয়পত্র (ID Card) প্রদান করা হবে। সাধারণতঃ ভাউচারের মাধ্যমে হিসাবধারী ব্যাংক কর্তৃক সরবরাহকৃত পরিচয়পত্র (ID Card) প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট হিসাব হতে টাকা উত্তোলন করতে পারবেন। তবে হিসাবধারীর প্রয়োজনে চেক বই ইস্যু করা যাবে এবং সে ক্ষেত্রে প্রযোজ্য হারে চার্জ প্রদেয় হবে।
- এ ধরনের হিসাবে বৈদেশিক মুদ্রা প্রেরণ করা যাবে এবং গ্রাহক চাইলে বিদেশ থেকে প্রেরিত অর্থ চেক/এটিএম এর মাধ্যমে উত্তোলন করতে পারবেন।
- বিনিয়োগ গ্রহণের ক্ষেত্রে হিসাবধারী এই হিসাব ব্যবহার করতে পারবেন।
- কৃষক হিসাবসমূহকে Inoperative বা Dormant করা যাবে না।

৯. মুদারাবা মুক্তিযোদ্ধা সঞ্চয়ী হিসাব :

১. মুক্তিযোদ্ধার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধ বহি' এর সত্যায়িত ফটোকপি জমা দিয়ে হিসাব খোলা হয়। মুক্তিযোদ্ধাগণ হিসাব খোলা/ পরিচালনার ব্যাপারে অনভিজ্ঞ হলে শাখা কর্তৃপক্ষ কর্তৃক তাদেরকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করা হবে।
২. যে কোন বাংলাদেশী মুক্তিযোদ্ধার নামে সংশ্লিষ্ট নিয়মাবলী পরিপালন সাপেক্ষে এ হিসাব খোলা হয়। তবে শাখা ব্যবস্থাপক কর্তৃক সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা এবং প্রয়োজনীয় খোঁজ খবর গ্রহণপূর্বক আবেদনকারী (মুক্তিযোদ্ধা) সম্পর্কে নিশ্চিত হওয়ার পর তাদেরকে এই সুবিধার আওতাভুক্ত করা যাবে। হিসাব খোলার পর হিসাবধারী যথারীতি জমা এবং উত্তোলনের মাধ্যমে এ হিসাব পরিচালনা করবেন।
৩. এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি আদায় করা হয় না।
৪. শুধু ১০ (দশ) টাকা জমা দিয়ে এ হিসাব খোলা হয়। তবে মুক্তিযোদ্ধাদের উদ্বুদ্ধকরণসহ হিসাব খোলার কার্যক্রম সহজীকরণের জন্য কোন টাকা জমা ছাড়াই এ হিসাব খোলা যাবে। এ হিসাবে মুনাফা প্রদানের জন্য ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই। দৈনিক স্থিতির ভিত্তিতে এ হিসাবে মুনাফা প্রদান করা হয়।
৫. হিসাবধারককে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নাম ও ছবি সম্বলিত পরিচয়পত্র (ID Card) প্রদান করা হবে। সাধারণতঃ ভাউচারের মাধ্যমে হিসাবধারী ব্যাংক কর্তৃক সরবরাহকৃত পরিচয়পত্র (ID Card) প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট হিসাব হতে টাকা উত্তোলন করতে পারবেন। তবে হিসাবধারীর প্রয়োজনে চেক বই ইস্যু করা যাবে এবং সে ক্ষেত্রে প্রযোজ্য হারে চার্জ প্রদেয় হবে।
৬. এ ধরনের হিসাবে বৈদেশিক মুদ্রা প্রেরণ করা যাবে।
৭. বিনিয়োগ গ্রহণের ক্ষেত্রে হিসাবধারী এই হিসাব ব্যবহার করতে পারবেন।
৮. হিসাবটিতে ৬ মাস লেনদেন না হলে উক্ত হিসাব স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

১০. মুদারাবা পোশাক শিল্প শ্রমিক সঞ্চয়ী হিসাব :

১. পোশাক শিল্প শ্রমিক যে প্রতিষ্ঠানে কর্মরত সে প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড এর সত্যায়িত ফটোকপি জমা দিয়ে এ হিসাব খোলা হয়। পোশাক শিল্প শ্রমিকগণ হিসাব পরিচালনার ব্যাপারে অনভিজ্ঞ হলে শাখা কর্তৃপক্ষ কর্তৃক তাদেরকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করা হবে।
২. যে কোন পোশাক শিল্প শ্রমিক এ হিসাব খুলতে পারবেন। হিসাব খোলার পর হিসাবধারী যথারীতি জমা এবং উত্তোলনের মাধ্যমে এ হিসাব পরিচালনা করবেন।
৩. এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি (Account Maintenance Fee), চেক বই ইস্যু চার্জ বা অন্য কোন প্রকার চার্জ আদায় করা হয় না।
৪. ন্যূনতম ১০০/- (একশত) টাকা জমা দিয়ে হিসাব খোলা যায়। এ হিসাবে মুনাফা প্রদানের জন্য ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই। এ হিসাবে মুদারাবা সঞ্চয়ী হিসাবের নিয়মাবলী পরিপালন সাপেক্ষে মুনাফা প্রদান করা হয়।

১১. মুদারাবা পথ শিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের হিসাব :

১. মুদারাবা পথ শিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের হিসাব বস্তি, রাস্তাঘাট, ট্রেন স্টেশন, বাস স্ট্যান্ড, লঞ্চঘাট ও ফুটপাথে বসবাসরত পথশিশু/কিশোরদের ব্যাংকিং খাতে আনয়নের মাধ্যমে তাদের মধ্যে সঞ্চয় প্রবণতা তৈরী, কষ্টোপার্জিত অর্থের সুরক্ষা, পথভ্রষ্ট হবার প্রবণতা হ্রাস করাসহ তাদের বৃহত্তর কল্যাণ সাধনের উদ্দেশ্যে ব্যাংক হিসাব খোলা হয়।
২. ন্যূনতম ১০ (দশ) টাকা জমা দিয়ে এ হিসাব খোলা যায়।
৩. ক) পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের ব্যাংক হিসাব পরিচালনায় অগ্রহী এনজিওকে হিসাব খোলার অনুমোদনের জন্য ব্যাংকে আবেদন করতে হবে। অগ্রহী এনজিও'র সুনাম, বিশ্বাসযোগ্যতা, পথশিশু ও কিশোরদের নিয়ে কার্যক্রমে অভিজ্ঞতা, অবকাঠামোগত সুবিধা ইত্যাদি বিবেচনা করে ব্যাংক শাখা এনজিও নির্বাচন ও ব্যাংক হিসাব খোলার কার্য সম্পাদন করবেন।
খ) শাখা কর্তৃপক্ষ এনজিও নির্বাচনের ক্ষেত্রে আবেদনকারী এনজিও'র রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট দলিলাদি যাচাই, পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরদের নিয়ে সংশ্লিষ্ট এনজিও'র কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন এবং এনজিও'র পরিচালনা পর্ষদ/ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্ত বিশেষভাবে পর্যালোচনা করবেন।
গ) শাখা কর্তৃক এনজিও মনোনীত করার পর মনোনীত এনজিও'র সাথে একটি দ্বিপাক্ষিক চুক্তি (MoU) সম্পাদনপূর্বক হিসাব খোলা কার্যক্রম শুরু করবেন।
ঘ) ব্যাংকিং কার্যক্রম শুরুর ০৭ দিনের মধ্যে ব্যাংক শাখাসমূহ নিম্নে বর্ণিত দলিলাদিসহ হিসাব খোলার জন্য সংশ্লিষ্ট এনজিও'র আবেদন এবং অনুমোদন সংক্রান্ত তথ্যাদি প্রধান কার্যালয়ের বিপিএমডিতে আবশ্যিকভাবে দাখিল করবে। বিপিএমডি, প্রধান কার্যালয় ব্যাংকিং কার্যক্রম শুরুর ১৫ দিনের মধ্যে নিম্নোক্ত দলিলাদি বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট-এ দাখিল করবেন।
 - আবেদনকারী এনজিও'র সাথে সংশ্লিষ্ট ব্যাংকের দ্বিপাক্ষিক চুক্তির কপি;
 - হিসাব খোলা বিষয়ে আবেদনকারী এনজিও'র পরিচালনা পর্ষদ/ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্ত;
 - পথশিশু/কর্মজীবী শিশুদের নিয়ে এনজিও'র কার্যক্রম সংক্রান্ত বিবরণ;
 - এনজিও'র রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট ডকুমেন্টের কপি;
৪. ছবিসহ হিসাবধারীর Know Your Customer (KYC) এর ক্ষেত্রে যতদূর সম্ভব তথ্য সংগ্রহ করতে হবে। তবে হিসাব পরিচালনাকারীদের (এনজিও কর্মকর্তা) যথাযথ KYC নিশ্চিত করতে হবে।
৫. পথশিশু/কিশোরদের বয়স নির্ধারণের জন্য জন্ম নিবন্ধন সনদ সংগ্রহের ক্ষেত্রে সংশ্লিষ্ট এনজিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৬. পথশিশু/কিশোরদের হিসাবের বিপরীতে নমিনী প্রযোজ্য হবে না।
৭. পথশিশু/কিশোরদের পক্ষে হিসাব পরিচালনার দায়িত্ব মনোনীত এনজিও'র অনূন্য ০২(দুই) জন কর্মকর্তার উপর ন্যস্ত হবে। উক্ত দুইজন কর্মকর্তার মধ্যে ০১ (এক) জন হিসাব বিভাগ সংশ্লিষ্ট এবং অপরজন মাঠ পর্যায়ের কর্মকর্তা হবেন। সংশ্লিষ্ট এনজিও'র পরিচালনা পর্ষদ/ট্রাস্টি বোর্ডের অনুমোদন সাপেক্ষে পথশিশু/কিশোরদের ব্যাংক হিসাব পরিচালনাকারী কর্মকর্তা মনোনীত হবেন।

৮. ক) পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের পিতামাতা (Biological Parents) থাকলে, সেক্ষেত্রে পিতা ও মাতার মধ্যে যে কোন একজন এবং পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরের যৌথ স্বাক্ষরে হিসাবটি পরিচালনা করতে পারবেন। বর্ণিত পদ্ধতি অনুযায়ী সংশ্লিষ্ট এনজিও এর মনোনীত প্রতিনিধি সমগ্র বিষয়টি তত্ত্বাবধান করবেন।
- খ) কোন এনজিও সার্বিকভাবে বা কোন একটি নির্দিষ্ট এলাকায় কার্যক্রম বন্ধ করে দিলে/ প্রজেক্ট এর মেয়াদ শেষ হয়ে গেলে অথবা অন্য কোন কারণে হিসাব পরিচালনা করতে সক্ষম না হলে, পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরদের নামে খোলা হিসাব তাদের ইচ্ছানুযায়ী তাদের পিতামাতা (Biological Parents)/অভিভাবক ও পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরের যৌথ স্বাক্ষরে পরিচালনা করা যাবে। শাখা এ বিষয়ে প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পাদন করবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট এনজিও এর আর কোনরূপ দায়বদ্ধতা থাকবে না। পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরদের পিতামাতা (Biological Parents)/অভিভাবক না থাকলে হিসাব বন্ধ করে হিসাবের সম্পূর্ণ স্থিতি হিসাবধারী শিশু/কিশোরকে ফেরত প্রদান করতে হবে।
- গ) উপরের 'খ' ক্রমকে বর্ণিত কোন কারণে পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরদের নামে খোলা হিসাবের সিগনেচার পরিবর্তন/হিসাব বন্ধ করার উদ্দেশ্যে প্রয়োজনে ব্যাংক এনজিও এর সহায়তা গ্রহণ করবেন।
- ঘ) পথশিশু/ কর্মজীবী শিশু-কিশোরদের হিসাব বন্ধের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা ও এনজিও একটি যৌথভাবে স্বাক্ষরিত প্রত্যয়নপত্র সংরক্ষণ করবেন। শাখাসমূহ কর্তৃক এরূপ বন্ধ করে দেয়া হিসাবসমূহের বিবরণী প্রতি ত্রৈমাসিক শেষে ০৭ দিনের মধ্যে সার্কুলারে বর্ণিত ছক মোতাবেক বিপিএমডি, প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। বিপিএমডি, প্রধান কার্যালয় শাখাসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নির্ধারিত ছক অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট এ দাখিল করবেন।
৯. পথশিশু/কিশোরদের নামে সঞ্চয়ী ব্যাংক হিসাব (Custodial Account) খোলা হবে। তাদের পক্ষে হিসাবটি পরিচালনা (Operate) করবেন এনজিও প্রতিনিধি। অনুরূপ হিসাব ফরম ও অর্থ জমার বহিতে হিসাবধারী শিশু/কিশোরদের অনুস্বাক্ষর থাকতে হবে।
১০. পথশিশু/কিশোরদের হিসাব Chequing বা Non Chequing যে কোন প্রকারে পরিচালিত হতে পারে। এ সব হিসাবের বিপরীতে Online Transaction সংক্রান্ত সুবিধা প্রদান করা যাবে না অর্থাৎ কোন ডেবিট/ক্রেডিট কার্ড ইস্যু করা যাবে না।
১১. সংশ্লিষ্ট এনজিও'র পরিচালনা পর্ষদ/ট্রাস্টি বোর্ডের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনে হিসাব পরিচালনাকারী পরিবর্তিত হতে পারে।
১২. এ সব হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ বা ফি কর্তন করা যাবে না।
১৩. এ সব হিসাবে দৈনিক স্থিতির ভিত্তিতে সঞ্চয়ী আমানতের সর্বোচ্চ হারে বছরে ২ বার (জুন ও ডিসেম্বর মাসে) মুনাফা প্রদান করা হয়।
১৪. পথশিশু/কিশোরদের হিসাবসমূহের ত্রৈমাসিক ভিত্তিতে মোট জমা ও উত্তোলনের বিবরণী সংশ্লিষ্ট শাখা সমূহ পরবর্তী ত্রৈমাসিকের প্রথম সপ্তাহের মধ্যে প্রধান কার্যালয়ের বিপিএমডিতে এবং বিপিএমডি ত্রৈমাসিকের তৃতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট-এ প্রেরণ করবেন।
১৫. হিসাবধারীর বয়স ১৮(আঠারো) বছর পূর্ণ হবার সাথে সাথে হিসাব পরিচালনাকারী এনজিও'র কর্মকর্তাগন দায়িত্ব হতে বিমুক্ত বলে গণ্য হবেন এবং হিসাবধারী ব্যাংক হিসাবটি পরিচালনা করতে পারবেন।
১৬. পথশিশু/কিশোরদের হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক ও এনজিও একটি যৌথভাবে স্বাক্ষরিত প্রত্যয়নপত্র সংরক্ষণ করবেন।

১২. মুদারাবা বৈদেশিক মুদ্রা জমা হিসাব (MFCD):

১. হিসাবধারীর পেশা সম্পর্কিত চুক্তি/নিয়োগ/নির্বাহন পত্র সহ অন্যান্য আনুসঙ্গিক কাগজ পত্রাদির একটি করে ফটোকপি জমা দিতে হবে।
২. পাসপোর্টের ১ থেকে ৩ পাতা পর্যন্ত এক সেট ফটোকপি (ভিসা পেইজ পর্যন্ত প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।
৩. ন্যূনতম প্রাথমিক জমা ১০০০/- মার্কিন ডলার। স্থিতির মেয়াদকাল ১ মাস বা তদুর্দ্ধ হলে হিসাবধারী মুনাফার জন্য বিবেচিত হবেন। স্থিতির পরিমাণ ১০০০/- মার্কিন ডলারের কম হলে হিসাবধারী মুনাফার জন্য বিবেচিত হবেন না।
৪. এ হিসাব থেকে মাসে ২ বার উত্তোলন করা যাবে এবং প্রতি উত্তোলন মোট ক্রেডিট ব্যালেন্সের এক চতুর্থাংশ অতিক্রম করবে না। প্রযোজ্য ক্ষেত্রে সীমিতরিত্ত উত্তোলনের জন্য ৭ দিনের পূর্ব নোটিশের প্রয়োজন হবে।
৫. কোন হিসাব বছরে MFCD তহবিল বিনিয়োগের মাধ্যমে মোট আয়ের সর্বনিম্ন ৭০% যোগ্য হিসাবধারীদের মধ্যে তাদের মোট বৈদেশিক মুদ্রা বিনিয়োগের আনুপাতিক হারে বন্টন করা হবে।

আমরা উভয়পক্ষ নির্দিষ্ট হিসাবের জন্য প্রযোজ্য নিয়মাবলী এবং এতদসংক্রান্ত প্রচলিত সকল আইন মেনে চলতে রাজী হয়ে নিম্নে স্বাক্ষর করে অত্র চুক্তিনামা সম্পাদন করলাম।

আবেদকারী(গণ) এর নাম	স্বাক্ষর
১.	
২.	
৩.	
৪.	

সংশ্লিষ্ট কর্মকর্তার নামযুক্ত সীলসহ
স্বাক্ষর ও তারিখ